

আল-জিন্ন | Al-Jinn | الْجِنِّ

আয়াতঃ ৭২ : ১৪

আরবি মূল আয়াত:

وَأَنَا مِنَ الْمُسْلِمُونَ وَمِنَّا الْقَاسِطُونَ ۚ فَمَنْ أَسْلَمَ فَأُولَئِكَ تَحَرَّوْا

رَشْدًا ﴿١٤﴾

অনুবাদসমূহ:

‘আর নিশ্চয় আমাদের মধ্যে কিছু সংখ্যক আছে আত্মসমর্পণকারী এবং আমাদের মধ্যে কিছু সংখ্যক সীমালঙ্ঘনকারী। কাজেই যারা আত্মসমর্পণ করেছে, তারাই সঠিক পথ বেছে নিয়েছে’। — আল-বায়ান

আমাদের মধ্যে কিছু সংখ্যক (আল্লাহর প্রতি) আত্মসমর্পণকারী আর কিছু সংখ্যক অন্যায়েকারী। যারা আত্মসমর্পণ করে তারা সঠিক পথ বেছে নিয়েছে। — তাইসিরুল

আমাদের কতক আত্মসমর্পণকারী এবং কতক সীমা লঙ্ঘনকারী; যারা আত্মসমর্পণ করে তারা সুচিন্তিতভাবে সত্য পথ বেছে নেয়। — মুজিবুর রহমান

And among us are Muslims [in submission to Allah], and among us are the unjust. And whoever has become Muslim - those have sought out the right course. — Sahih International

১৪. এও যে, আমাদের মধ্যে কিছু সংখ্যক আছে মুসলিম আর কিছু সংখ্যক আছে সীমালঙ্ঘনকারী; অতঃপর যারা ইসলাম গ্রহণ করেছে তারা সুচিন্তিতভাবে সত্য পথ বেছে নিয়েছে।

তাকসীরে জাকারিয়া

(১৪) আমাদের কতক আত্মসমর্পণকারী (মুসলিম) এবং কতক সীমালঙ্ঘনকারী;[1] সুতরাং যারা আত্মসমর্পণ করে (মুসলমান হয়), তারা নিঃসন্দেহে সত্য পথ বেছে নেয়।

[1] অর্থাৎ, যে মুহাম্মাদ (সাঃ)-এর নবুঅতের উপর ঈমান এনেছে সে মুসলিম এবং যে তা অস্বীকার করে সে সীমালঙ্ঘনকারী। افسطُ অর্থ, অত্যাচারী, অনাচারী, সীমালঙ্ঘনকারী ও অবিচারকারী। আর مُفسطُ অর্থ, ন্যায়পরায়ণ। অর্থাৎ, افسطُ থেকে গঠিত শব্দ যদি ‘সুলাসী মুজাররাদ’ (কেবল তিন অক্ষরবিশিষ্ট) বাব থেকে হয়, তাহলে অর্থ হবে, অবিচার করা। আর যদি ‘মাযীদ ফীহ’ (তিন অক্ষরের অধিক বর্ধিত ‘ইফআল’) বাব থেকে

হয়, তবে অর্থ হবে, সুবিচার করা।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5461>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন